# হিজবুল্লাহর বিরুদ্ধে হামলা অব্যাহত রাখার ঘোষণা ইসরায়েলের



ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ। ছবি: সংগৃহীত

লেবাননে হিজবুল্লাহর বিরুদ্ধে সামরিক অভিযান আরও বিস্তৃত করার প্রস্তুতির কথা জানিয়েছেন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ। তিনি বলেছেন, হিজবুল্লাহর বিরুদ্ধে নতুন নতুন এলাকায় হামলা চালাতেও প্রস্তুত রয়েছে ইসরায়েলি বাহিনী।

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দক্ষিণ লেবাননের আলী আল-তাহের রিজ এলাকায় হিজবুল্লাহর একটি সুড়ঙ্গ নেটওয়ার্ক থেকে যোদ্ধাদের সরিয়ে দেওয়ার দাবি করে ইসরায়েল। এর পরদিনই অভিযান আরও জোরদারের ইঙ্গিত দেন কাৎজ।

দ্য টাইমস অব ইসরায়েলের প্রতিবেদনে বলা হয়, এক বিবৃতিতে ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী জানান, হিজবুল্লাহর বিরুদ্ধে অভিযান চালিয়ে যাওয়ার পাশাপাশি নতুন এলাকাতেও হামলা চালাতে প্রস্তুত ইসরায়েল।

এর আগে দক্ষিণ লেবাননের ওই এলাকায় হিজবুল্লাহর সুড়ঙ্গ নেটওয়ার্ক লক্ষ্য করে অভিযান চালানোর কথা জানিয়েছিল ইসরায়েলি সামরিক বাহিনী। এবার সেখানে অভিযান আরও বিস্তৃত করার সম্ভাবনার কথা জানালেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী।

LENS ASIA